দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মুক্তিযোদ্ধা কোটায় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২৯ অক্টোবর

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য (মুক্তিযোদ্ধা কোটায়) সহকারী শিক্ষক-নিয়োগ এর লিখিত পরীক্ষা আগামী ২৯ অক্টোবর অনুষ্ঠিত হবে। এ পরীক্ষা শনিবার দুপুর ৩ টা হতে ৪ টা ২০ মিনিট পর্যন্ত ৬১ জেলায় (তিন পার্বত্য জেলা ব্যতীত) একযোগে অনুষ্ঠিত হবে।

আগামী ২১ অক্টোবর থেকে প্রার্থীদের মোবাইলে এসএমএস পাঠানো হবে এবং আগামী ২২ অক্টোবর থেকে প্রার্থীগণ নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে পারবেন।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, পরীক্ষার্থীদেরকে প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ভ্যানেটি ব্যাগ, পার্স, ইলেক্ট্রনিক্স ঘড়ি বা যে কোনো ইলেক্ট্রনিক্স ডিভাইস ইত্যাদি সঙ্গে রাখতে দেয়া যাবে না। যদি কোনো পরীক্ষার্থী উল্লেখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তাকে তাৎক্ষণিক বহিষ্কার কা হবে।

প্রার্থীগণ অনলাইনের মাধ্যমে http://dpe.teletalk.com.bd ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। ওএমআর শিট পূরণের নির্দেশাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য ওয়েবসাইট www.dpe.gov.bd এ পাওয়া যাবে।